

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার,
ঢাকা-১২১৫।
www.dot.gov.bd

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০৩.১৪.০৪৭.২৪.১৬৫

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
৯ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: সিনহুয়া টেক্সটাইল কোং লিমিটেড নামক বস্ত্র শিল্প কারখানার অনুকূলে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত
মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ ছাড়করণের লক্ষ্যে আই, পি জারীকরণ প্রসংগে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং- ১১১৭, তারিখঃ ০২/১২/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আলোকে জানানো যাচ্ছে যে, সিনহুয়া টেক্সটাইল কোং লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং-৫৮ হাতিমারা, কাশিমপুর, থানা/উপজেলা-গাজীপুর নামক কারখানার মালিক পক্ষের নিকট হতে প্রাপ্ত। যার নিবন্ধন নং- পরিঃ/স্পিনিং-০০০০০৭৩২-২০২৩, তারিখ-৩১-০৭-২০২৩ খ্রিঃ এবং শিল্প উপখাত-তুলা ও সূতা উৎপাদনকারী” ১০০% রপ্তানীমুখী বস্ত্র শিল্প প্রতিষ্ঠান। উদ্যোক্তা বিদ্যমান কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে সরবরাহকারী কর্তৃক বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের আমদানী পারমিট (আই, পি) জারীর লক্ষ্যে সুপারিশ প্রেরণের আবেদন করেছেন। উল্লেখ্য, বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাষ্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। আবেদন পত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের ইনভয়েস নং XIN2401, Date : 15/11/24 খ্রিঃ, বিল অব লেডিং নং- RSH2411177, Date: 21/11/24 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য- ৪২০০০.০০ মার্কিন ডলার দাখিল করেছেন। প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ কারখানার অবস্থানঃ হোল্ডিং নং-৫৮ হাতিমারা, কাশিমপুর, থানা/উপজেলা-গাজীপুর এলাকায় স্থাপন করবেন বলে জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, কারখানার নামে বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ খালাস করার লক্ষ্যে আমদানী নীতি ২০২১-২০২৪ অনুযায়ী বিধি বিধান প্রতিপালন সাপেক্ষে নিম্নবর্ণিত শর্তে প্রয়োজনীয় ইম্পোর্ট পারমিট (আই.পি) জারী করার জন্য সুপারিশ করা হলো।

শর্তসমূহঃ

- বিনামূল্যে প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহের বিপরীতে কোন মূল্য পরিশোধ করা যাবে না।
- প্রেরিত মেশিনারীজ/যন্ত্রাংশ সমূহ নিজস্ব কারখানা হোল্ডিং নং-৫৮ হাতিমারা, কাশিমপুর, থানা/উপজেলা-গাজীপুর এলাকায় স্থাপন করতে হবে।
- উল্লেখিত মেশিনারীজ/যন্ত্রাংশ অন্য কোথাও বিক্রয় বা হস্তান্তর করা যাবে না এবং সরকারের অন্যান্য দপ্তর সংস্থার যাবতীয় বিধিবিধান প্রতিপালন করতে হবে।
- আমদানিকৃত মেশিনারীজের মূল্য বিনিয়োগ হিসাবে আগামী ০৩ মাসের মধ্যে নিবন্ধন সংশোধনে অর্গভুক্ত করতে হবে। অন্যথায় নিবন্ধনটি বাতিল বলে গণ্য হবে।



১১-১২-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত
সহকারী পরিচালক

প্রধান নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর।

